**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 13-02-2026** **Desk in Charge : Kalyan L.**

**Time : 7-50 PM** **Compiling : DSS**

**DEO: KB** **NRT : DSS**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ SIR প্রক্রিয়ার শুনানিতে নির্বাচন কমিশন ও সুপ্রিম কোর্টের নির্ধারিত নথিই জমা পড়ছে কি না, জেলা নির্বাচনী আধিকারিকদেরই তা সুনিশ্চিত করতে হবে বলে কমিশন স্পষ্ট জানিয়েছে। # রাজ্য সরকার, নির্বাচন কমিশনের সঙ্গে সহযোগিতার বদলে অসহযোগিতা করছে বলে, বিজেপি নেতা রাহুল সিনহা অভিযোগ করেছেন।

২/ বিজেপি অভিযোগ করেছে, তৃণমূল কংগ্রেস ভিন রাজ্যে পরিযায়ী শ্রমিকদের মৃত্যু নিয়ে অপপ্রচার করছে।

৩/ সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও রাজ্য সরকার এখনো কর্মীদের বকেয়া ডিএ না দেওয়ায় রাজ্য সরকারি কর্মচারীদের সংগঠন, মুখ্য সচিব ও অর্থসচিব-কে 'আদালত অবমাননা'র নোটিশ পাঠিয়েছে।

৪/ কলকাতা পুরসভায় আজ পেশ করা হয়েছে, ২০২৬-২৭ অর্থবর্ষের বাজেট।

#বিজেপি সহ বিরোধী দলগুলি এর সমালোচনা করে বলেছেন, এই বাজেট অন্তঃসারশূণ্য।

৫/ আজ বিশ্ব বেতার দিবস। এবছর মূল ভাবনা, 'বেতার এবং কৃত্রিম বুদ্ধিমত্তা : এআই একটি হাতিয়ার- কণ্ঠস্বর নয়'।

৬/ ইন্ডিয়ান সুপার লিগ ফুটবল- ISL প্রতিযোগিতা শুরু হচ্ছে আগামীকাল ।

*****************************************************************************

এস আই আর প্রক্রিয়ার শুনানিতে নির্বাচন কমিশন ও সুপ্রিম কোর্টের নির্ধারিত নথিই জমা পড়ছে কি না, জেলা শাসক তথা নির্বাচনী আধিকারিকদেরই তা সুনিশ্চিত করতে হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। আগামী সোমবার ১৬ ফেব্রুয়ারি বিকেল ৫টার মধ্যে সব জেলা নির্বাচনী আধিকারিককে, জমা পড়া সমস্ত নথি নিজে যাচাই করে তা নিশ্চিত করতে হবে।

একটি প্রতিবেদন- ( ভিসি- অভিরূপ )

**************************

রাজ্য সরকার, নির্বাচন কমিশনের সঙ্গে সহযোগিতার বদলে অসহযোগিতা করছে বলে, বিজেপি নেতা রাহুল সিনহা অভিযোগ করেছেন। তিনি আজ নদীয়ার আসাননগরে এক সাংবাদিক সম্মেলনে দাবী করেন, এরাজ্যে প্রশাসনকে ব্যবহার করে কমিশনের কাজ ব্যাহত করার চেষ্টা চলেছে। বাধার সৃষ্টি করা হচ্ছে SIR-এর কাজেও । কমিশনের কাজে সংঘাতে গেলে আখেরে রাজ্য সরকারের'ই ক্ষতি হবে বলে তিনি মন্তব্য করেন।

( বাইট- রাহুল )

**************************

বিজেপি অভিযোগ করেছে যে ভিন রাজ্যে পরিযায়ী শ্রমিকদের মৃত্যু নিয়ে তৃণমূল কংগ্রেস অপপ্রচার করছে। দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বলেন,বাংলায় কর্মসংস্থান না থাকায় পরিযায়ী শ্রমিকরা যখন ভিন রাজ্যে যেতে বাধ্য হচ্ছেন, তখন হিন্দিভাষী বা অবাঙালিরা সেই পরিযায়ী শ্রমিকদের হত্যা করছে বলে অসত্য প্রচার করে এ রাজ্য তো বটেই, সারা দেশেই সমস্যা সৃষ্টি করা হচ্ছে।

( বাইট- দেবজিৎ )

শ্রী সরকার মহারাষ্ট্রের পুনেতে, পুরুলিয়ার এক পরিযায়ী শ্রমিকের মৃত্যুর প্রসঙ্গ উল্লেখ করে বলেন, সেখানকার সিসিটিভির ফুটেজ অনুযায়ী ওই পরিযায়ী শ্রমিক মদ্যপ

অবস্থায় দুই যুবকের সঙ্গে বচসায় জড়িয়ে পড়েন। তবে কোথাও বাংলা বলার জন্য তাকে হত্যা করা হয়েছে এমন প্রমাণ মেলেনি।

*************************

এদিকে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ পুরুলিয়ায় বরাবাজার থানার তুমড়াশোলের বান্দডী গ্রামে মৃত পরিযায়ী শ্রমিক সুখেন মাহাতোর বাড়িতে গিয়ে তাঁর পরিবারের সঙ্গে দেখা করেন। এই ঘটনার প্রকৃত তদন্ত এবং দোষীদের শাস্তির দাবী জানিয়ে অভিষেক বলেন, মৃত্যু নিয়ে কোন রাজনীতি করতে চাননা।

*************************

তামিলনাড়ুতে, মুর্শিদাবাদের হরিহরপাড়ার বাসিন্দা এক পরিযায়ী শ্রমিকের মৃত্যুকে ঘিরে রহস্য দানা বেঁধেছে। জানা গেছে, চেন্নাই-এর পল্লী কাড়ানাই থানা এলাকায় কাজের জায়গাতেই আলাউদ্দিন শেখ নামে ওই শ্রমিককে অচৈতন্য অবস্থায় পাওয়া যায়। কয়েকজন শ্রমিক তাকে চিকিৎসকের কাছে নিয়ে গেলে মৃত ঘোষণা করা হয়। ওই শ্রমিকের পরিবারের দাবি আলাউদ্দিনকে খুন করা হয়েছে।

*************************

সুপ্রিম কোর্টের নির্দেশ সত্ত্বেও রাজ্য সরকার এখনো কর্মচারীদের বকেয়া ডিএ-র ২৫ শতাংশ দেওয়ার কোনো ঘোষণা না করায়, রাজ্য সরকারি কর্মচারীদের সংগঠন ‘কনফেডারেশন অফ স্টেট গভর্নমেন্ট এমপ্লয়ীজ’, রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী ও অর্থসচিব প্রভাত কুমার মিশ্রাকে আদালত অবমাননার নোটিশ পাঠিয়েছে।

তাদের তরফের আইনজীবী জানিয়েছেন, গত ৫ ফেব্রুয়ারি দুই বিচারপতি সঞ্জয় কারল এবং প্রশান্ত কুমার মিশ্রার বেঞ্চ স্পষ্ট জানান, অবিলম্বে রাজ্যকে কর্মচারীদের বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মিটিয়ে দিতে হবে। বাকি ৭৫ শতাংশ রাজ্য কিভাবে কত দিনে মেটাতে পারবে, সেই বিষয়ে আলাপ-আলোচনার জন্য কমিটি গঠন করে সুপ্রিম কোর্ট। কিন্তু শীর্ষ আদালতের নির্দেশমতো রাজ্য এখনো কোনো পদক্ষেপ না করায় এই নোটিশ পাঠানো হল বলে আইনজীবী ফিরদৌস শামিম জানিয়েছেন।

( বাইট- ফিরদৌস )

**************************

তাদের একাধিক নির্দেশ অমান্য করায় নির্বাচন কমিশন রাজ্যের মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তীকে আজই দিল্লিতে তলব করে। আজ বিকেল তিনটের মধ্যে তাকে দিল্লিতে হাজিরা দিতে বলা হয়। হাজিরা শেষে মুখ্য সচিব আজ রাতেই কলকাতায় ফিরছেন বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

**************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২২শে ফেব্রুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩১ তম পর্ব।

**************************

কলকাতা পুরসভা আজ ২০২৬ -২৭ অর্থ বর্ষের বাজেট পেশ করেছে। পুর ভবনে ১১১ কোটি টাকার ঘাটতি বাজেট পেশ করেন মেয়র ফিরহাদ হাকিম। গত আর্থিক বছরে এই ঘাটতির পরিমাণ ছিল ১২২কোটি টাকা । বাজেটে সম্পত্তি কর আদায়ের উপর বিশেষ জোর দেওয়া হয়েছে।

বাজেট পেশের পর এক সাংবাদিক বৈঠকে মেয়র বলেন, পুরসভার আয় বৃদ্ধির লক্ষ্যে সম্পত্তি করের ক্ষেত্রে এসেসমেন্ট এরিয়া বাড়ানোর কাজ চলছে। বিজ্ঞাপন থেকে আয় বৃদ্ধির ওপরেও বিশেষ জোর দেওয়া হয়েছে।

পুর পরিষেবা খাতেও বাজেটে বরাদ্দ বৃদ্ধি করা হয়েছে বলে তিনি জানান।

এদিকে বিরোধী দলগুলি, পুর বাজেটের সমালোচনা করেছে।

বিজেপি নেতা সজল ঘোষ এই বাজেটকে অন্তঃসারশূন্য এবং পুরোটাই অংকের কারসাজি বলে মন্তব্য করেন। তিনি বলেন, পুরসভার প্রায় ৩০ হাজারের বেশি শূন্যপদে নতুন নিয়োগ না হওয়ার ফলেই গতবছরের তুলনায় এ বছর ঘাটতি বাজেট ১১4 কোটি টাকা থেকে ১১১ কোটি টাকায় হ্রাস করা হয়েছে। প্রস্তাবিত বাজেটে উদ্বৃত্ত আয় ও ব্যয় বরাদ্দের সমস্ত তথ্যই প্রহসন বলে তাঁর দাবি।

অন্যদিকে, সিপিআইএম-এর নেত্রী ৯২ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর মধুছন্দা দেব ঘাটতি বাজেট নিয়ে প্রশ্ন তুলে বলেছেন, প্রতি বছর ঘাটতি বৃদ্ধি পেলেও এবছর তা কমেছে। আসন্ন বিধানসভা নির্বাচনের কথা ভেবেই বাজেট পেশ করা হয়েছে বলে তাঁর দাবি।

*************************

আজ বিশ্ব বেতার দিবস। এবছর মূল ভাবনা, 'বেতার এবং কৃত্রিম বুদ্ধিমত্তা : এআই একটি হাতিয়ার- কণ্ঠস্বর নয়'।

বেতার দিবস নিয়ে আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন-

( ভিসি- অভিজিৎ )

*************************

দ্বাদশ ইন্ডিয়ান সুপার লিগ ISL ফুটবল প্রতিযোগিতা আগামীকাল শুরু হচ্ছে। গতবারের চ্যাম্পিয়ন মোহনবাগান সুপার জায়ান্ট, প্রথম দিনে মাঠে নামবে। প্রতিপক্ষ কেরালা ব্ল্যাস্টার্স।

*******************************************************************